

আতঙ্ক উৎকর্ষায় সরকারি স্কুলের ছাত্ররা  
অবরোধেও বার্ষিক  
পরীক্ষায় অংশগ্রহণ

■ ইত্তেফাক রিপোর্ট

১৮-দশমী জোটের ডাকা অবরোধ কর্মসূচির মধ্যে রাজধানীর সরকারি স্কুলগুলোতে আতঙ্ক-উৎকর্ষা নিয়ে বার্ষিক পরীক্ষায় অংশ নিচ্ছে শিক্ষার্থীরা।

গতকাল রবিবার ভেজপাও সরকারি বাসিকা উচ্চ বিদ্যালয়ের দুই শিফটে পরীক্ষা নেয়া হয়। ৪র্থ শ্রেণীর শিক্ষার্থী ফাতেমা জামে মনিপুরী, পাড়া থেকে। ফাতেমা ইত্তেফাককে জানায়, বাসা থেকে অনেক ঘুরে-আশির্গামি হয়ে মায়ের সাথে স্কুলে পৌঁছেছে সে। এই ধরনের পরিস্থিতির মধ্যে বার্ষিক পরীক্ষা দেয়া তাদের সকলের মধ্যে ভীতি সৃষ্টি করেছে। অনেকে স্কুলের কাছে আতঙ্ক-হাজার বাসায় থেকেও পরীক্ষায় অংশ নেয়। এমনভেই পরীক্ষাকে কেন্দ্র করে মানসিক চাপ তার উপর অবরোধের মতো কর্মসূচি তাদের উপর বাড়তি চাপ সৃষ্টি করেছে বলে জানান অভিভাবকরা।

বাচ্চাদের নিয়ে আতঙ্কের মধ্যে স্কুলে এসেছেন বলে জানান হাবিকা আক্তার নামের এক অভিভাবক। তিনি বলেন, আজকের পরীক্ষা না হলেই ভাল হতো। কারণ ডার্মাগেটের এই এলাকাটি রাজনৈতিক কর্মসূচির জন্য স্বীকৃতিপূর্ণ এলাকা হিসেবে চিহ্নিত।